# সহায়ক উপকরণ

## সিডিডিতে উৎপাদিত উল্লেখযোগ্য কিছু সহায়ক উপকরণের নমুনা

CDD Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# অক্সিলারি ক্র্যাচ



## কাদের জন্য প্রযোজ্য:

যার একটি অথবা দু'টি পায়ের দুর্বলতা, ব্যথা বা জোড়া শক্ত থাকে; যার হাঁটার ভারসাম্য কম; যে ব্যক্তি শুধুমাত্র একটি পায়ের পাতা মাটিতে ফেলতে পারে; যাদের একটি মাত্র পা আছে।

## মূল্য:

প্রতিবন্ধী ব্যক্তি/শিশুর সঠিক মাপের অক্সিলারি ক্র্যাচ এক জোড়া ১২০০/- টাকা।

## অক্সিলারি ক্র্যাচ তৈরীতে ব্যবহৃত উপকরণ:

ক্র্যাচ সাধারণত হালকা ধাতব পাত অথবা প্লাস্টিক দিয়ে তৈরী করা হয় এবং সেটিতে যদি উচ্চতা বাড়ানো ও কমানোর ব্যবস্থা থাকে। এছাড়াও এটি কাঠ বা বাঁশ দিয়ে তৈরী করা সম্ভব। ক্রাচের নিচের অংশ রাবার টিপ সংযুক্ত থাকে যা হঠাৎ পড়ে যাওয়া থেকে রক্ষা করে।

CDD Centre for Disability in Development

Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:

সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)

এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# ট্রাই সাইকেল



## কাদের জন্য প্রযোজ্য:

যে সকল ব্যক্তি চলাচল করতে পারে না কিন্তু প্রয়োজনের তাগিদে বেশি দূরত্ব অতিক্রম করতে হয় তাদের জন্য উপকরণটি উপযোগী। যে সকল ব্যক্তি অল্প দূরত্বে বা ঘরের ভিতরে অঅন্য উপায়ে যেমন ক্রাচ, হুইলচেয়ার অথবা হাঁটু গেড়ে চলাচল করতে, তারা বিদ্যালয়ে অথবা কর্মস্থলে চলাচলের জন্য এ উপকরণটি ব্যবহার করতে পারে।

## মূল্য:

প্রতিবন্ধী ব্যক্তির সঠিক মাপের ট্রাই সাইকেল প্রতিটি ১৬,৩০০/- টাকা।

## ট্রাই সাইকেল তৈরীতে ব্যবহৃত উপকরণ:

ট্রাই সাইকেল সাধারণত মরিচারোধক ধাতব স্টেইনলেস স্টিল (এসএস) পাইপ বা মাইল্ড স্টিল পাইপ দিয়ে তেরী করা যায়। এছাড়াও বসার জন্য নরম ফোম এবং পিছনের ব্যাক রেস্ট ও সিট কাভারের জন্য মোটা কাপড় অথবা রেক্সিন ব্যবহার করা হয়। সাধারণত রিক্সা বা সাইকেলের টায়ার এবং চাকা এতে ব্যবহার করা হয়। এ উপকরণটিতে বিভিন্ন ধরনের সুবিধা সংযোজনের মাধ্যমে, যেমন- ঝড়ি বা রোদ থেকে বাঁচার জন্য ছাতা স্থাপনের মাধ্যমে আরো উপযোগী এবং আরামদায়ক করা যায়।

CDD Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# হুইলচেয়ার



## কাদের জন্য প্রযোজ্য:

যে ব্যক্তি হাঁটতে পারে না; যে ব্যক্তি অনেক দূরত্বে হাঁটতে পারে না; যে ব্যক্তির হাঁটার ক্ষমতা খুব কম এবং নিরপদে হাঁটতে পারে ন্; সার্জারী বা অস্ত্রোপচারের পরে চলাচলের জন্য; অসুস্থ অবস্থায়; যখন ব্যক্তির হাঁটার ভারসাম্য কমে যায়; সংশোধনের অযোগ্য শারীরিক গঠনগত বিকৃতি যা চলাচলে সমস্যা সৃষ্টি করে। পক্ষাঘাত গ্রস্ত (Paralysed) ব্যক্তি (যাদের শক্তি বা অনুভূতি নেই)।

## মূল্য:

প্রতিবন্ধী ব্যক্তি / শিশুর সঠিক মাপের প্রতিটি এম এস হুইল চেয়ার ১৫,১৫০/- এবং এস এস হুইলচেয়ার ১৮,৪৫০/- টাকা

## হুইলচেয়ার তৈরীতে ব্যবহৃত উপকরণ:

হুইলচেয়ার সাধারণত মরিচারোধক ধাতব স্টেইনলেস স্টিল (এসএস) পাইপ বা মাইল্ড স্টিল পাইপ দিয়ে তৈরী করা যায়। হুইলচেয়ার সহায়কভাবে ব্যবহার করার জন্য প্রয়োজনীয় কিছু উপকরণ প্রয়োজন, যেমন- বসার জন্য সঠিক মাপের কুশন যা নরম ফোম দিয়ে তৈরী এবং পেছনের দিকে সাপোর্টার ও সিট কাভারের জন্য শক্ত ও মোটা কাপড় ব্যবহার করা যায়, কুশনকে পানি বা তরল থেকে রক্ষা করার জন্য রেক্সিন দিয়ে কভার দেয়া যেতে পারে। সাধারণত রিক্সা বা সাইকেলের টায়ার, চাকা এবং সামনের চাকার জন্য রাবারের তৈরী চাকা এতে ব্যবহার করা হয়।

CDD Centre for Disability in Development

Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:

সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)

এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# কর্ণার চেয়ার



## কাদের জন্য প্রযোজ্য:

যে সকল শিশুর মাথার ভারসাম্য কম বা একেবারেই নেই এবং ভারসাম্য নিয়ে বসতে পারে না তাদের বসার ও মাথার ভারসাম্য উন্নয়নে এই সহায়ক উপকরণটি ব্যবহৃত হয়।

## মূল্য:

প্রতিবন্ধী শিশুর সঠিক মাপের কর্ণার চেয়ার প্রতিটি প্লাস্টিক উড- ৪,২০০/- ও ৪,৭০০/- এবং প্লাই উড-৪,৫০০/- ও ৫,৬০০/- টাকা পর্যন্ত।

## কর্ণার চেয়ার তৈরীতে ব্যবহৃত উপকরণ:

কর্ণার চেয়ার হলো বসার ও মাথার ভারসাম্য উন্নয়নের একটি সহায়ক উপকরণ, যা স্থানীয়ভাবে বাঁশ, কাঠ, বেত ইত্যাদি দিয়ে তৈরী করা যায়। এছাড়া প্লাস্টিক উড, প্লাই উড দিয়েও হালকা ওজনের কর্ণার চেয়ার তৈরী করা যায়।

CDD Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# বিশেষ চেয়ার



## কাদের জন্য প্রযোজ্য:

যে সকল শিশু বসতে বা হাঁটতে পারে না তাদের জন্য এটি এক ধরনের বিশেষ চেয়ার। এটি চাকাযুক্ত অথবা চাকা বিহীন দু'ধরনেরই হতে পারে। এ ধরনের চেয়ারে বাচ্চার প্রয়োজন অনুযায়ী আরো অনেক উপকরণ যুক্ত করা যায়।

## মল্যূ:

প্রতিবন্ধী শিশুর সঠিক মাপের বিশেষ চেয়ার প্রতিটি প্লাস্টিক উড- ৫,৪০০/- হতে ১০,৭০০/- এবং প্লাই উড- ৬,৩০০/- হতে ১২,৫৫০/- টাকা পর্যন্ত।

## বিশেষ চেয়ার তৈরীতে ব্যবহৃত উপকরণ:

এটি কাঠ অথবা ধাতু (metal), মরিচারোধক ধাতব স্টেইনলেস স্টিল পাইপ অথবা মাইল্ড স্টিল পাইপ দিয়ে তৈরী করা যায়। এছাড়াও ফোম, পিঠ, মাথা ও সাইড সাপোর্ট, পানিরোধী প্লাস্টিক কাভার, স্ট্র্যাপ বা বেল্ট এবং ভেলক্রো ও বাচ্চাদের সাইকেলের চাকা ব্যবহৃত হয়।

CDD Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# টয়লেট চেয়ার



## কাদের জন্য প্রযোজ্য:

যে সকল ব্যক্তি ভারসাম্য কম এবং বসে টয়লেট করতে পারে না অথবা হেঁটে টয়লেটে যেতে সমস্যা হয় বা সামর্থ্য নেই তাদের ক্ষেত্রে এ চেয়ারটি উপযোগী।

## মূল্য:

প্রতিবন্ধী ব্যক্তির সঠিক মাপের টয়লেট চেয়ার প্রতিটি এম এস ১,৯০০/- ও ২,১৫০/- এবং এস এস ৩,৫৫০/- টাকা।

## টয়লেট চেয়ার তৈরীতে ব্যবহৃত উপকরণ:

এটি কাঠ অথবা ধাতু (metal), স্টেইনলেস স্টিল, পাইপ অথবা মাইল্ড স্টিল পাইপ দিয়ে তৈরী করা যায়। এছাড়াও ফোম, পানিরোধী প্লাস্টিক দিয়ে তৈরী করা যায়।

CDD Centre for Disability in Development

Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# অর্থোসিস (অঙ্গ সহায়ক)



## কাদের জন্য প্রযোজ্য:

**Ankle Foot Orthisis (AFO):** যে সকল ব্যক্তির পায়ের গোড়ালী, পায়ের পাতা বা হাঁটুর মাংসপেশী দূর্বল। হাঁটা বা দাঁড়ানোর সময় পায়ের পাতায় ভর দিলে যাদের পায়ের পাতা সোজাভাবে মাটিতে বসে না। গোড়ালী ঠিকমত মাটিতে পড়ে না কিন্তু জোরে চাপ দিলে মাটিতে পড়ে অথবা শুধু পায়ের পাতার উপর ভর দিয়ে হেচড়িয়ে হাঁটে। বিশেষ করে সিপি-তে আক্রান্ত শিশু, স্ট্রোকে আক্রান্ত ব্যক্তি। এছাড়াও বিভিন্ন প্রতিবন্ধিতা বা রোগে আক্রান্ত ব্যক্তিদের হাঁটা চলা ও দ্বিতীয় পর্যায়ের অঙ্গবিকৃতি প্রতিরোধের জন্য এই AFO এর বিশেষ প্রয়োজন রয়েছে।

**Knee Ankle Foot Orthosis:** যে সকল ব্যক্তির পায়ের গোড়ালী, পায়ের পাতা ও হাঁটুসহ উপরের মাংসপেশী দূর্বল। হাঁটা বা দাঁড়ানোর সময় পায়ের পাতায় ভর দিলে যাদের পায়ের পাতা সোজাভাবে মাটিতে বসে না এবং হাঁটু কিছুটা ভাঁজ হয়ে থাকে। হাঁটু চাপ না দিলে সোজা হয় না। বিশেষ করে পোলিও, সিপি-তে আক্রান্ত শিশু এছাড়াও বিভিন্ন প্রতিবন্ধিতা বা রোগে আক্রান্ত ব্যক্তিদের হাঁটাচলা ও দ্বিতীয় পর্যায়ের অঙ্গবিকৃতি প্রতিরোধের জন্য এই KFO-এর বিশেষ প্রয়োজন রয়েছে।

## মূল্য:

প্রতিবন্ধী ব্যক্তি/শিশুর প্রয়োজন নিরূপণ করে মূল্য নির্ধারণ করা হয়।

## অর্থোসিস (অঙ্গ সহায়ক) তৈরীতে ব্যবহৃত উপকরণ:

দেশী ও বিদেশী আমদানীকৃত কাঁচামাল, যেমন- পলিপ্রপিলিন সিট, নী জয়েন্ট, এ্যাঙ্কেল জয়েন্ট, ইথাপ্লেক্স, এলুমিনিয়াম বার, চামড়া ও ভেলক্রো (strap) দিয়ে তৈরী হয়।

CDD
Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# প্রস্থেসিস (কৃত্রিম অঙ্গ)



## কাদের জন্য প্রযোজ্য:

যে সহায়ক উপকরণ হারানো অঙ্গের পরিবর্তে ব্যবহার করা হয়। যাদের দুর্ঘটনা বা বিভিন্ন রোগের কারণে অঙ্গহানি হলে তাদের প্রস্থেসিস বা কৃত্রিম অঙ্গের প্রয়োজন।

## মূল্য:

প্রতিবন্ধী ব্যক্তি/শিশুর প্রয়োজন নিরূপণ করে মূল্য নির্ধারণ করা হয়।

## প্রস্থেসিস (কৃত্রিম অঙ্গ) তৈরীতে ব্যবহৃত উপকরণ:

দেশী ও বিদেশী আমদানীকৃত কাঁচামাল, যেমন- পলিপ্রপিলিন সিট, উন্নতমানের পায়ের পাতা, নী জয়েন্ট, নরম ইভিএ, এলুমিনিয়াম বার, ইথাপ্লেক্স, চামড়া ও ভেলক্রো (strap) দিয়ে তৈরী হয়।

CDD Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# স্ট্যান্ডিং ফ্রেম



## কাদের জন্য প্রযোজ্য:

যে সকল ব্যক্তি দাঁড়াতে পারে না ও দাঁড়ানো অবস্থায় তাদের অবস্থানকে নিয়ন্ত্রণ করতে পারে না তাদের জন্য এই বিশেষ ধরনের ফ্রেম ব্যবহার করা হয়। এতে সহজে উচ্চতা পরিবর্তনযোগ্য টেবিলযুক্ত থাকে, যা ব্যক্তির খাওয়া, খেলাধূলা এবং বিদ্যালয়ে বা কর্মস্থলের কাজ করতে সহায়তা করে।

## মূল্য:

প্রতিবন্ধী শিশুর সঠিক মাপের স্ট্যান্ডিং ফ্রেম প্রতিটি ৩,৫০০/- হতে ৫,৭০০/- টাকা পর্যন্ত।

## স্ট্যান্ডিং ফ্রেম তৈরীতে ব্যবহৃত উপকরণ:

কাঠ এবং মেটাল / ধাতব পাইপ, মোটা কাপড়, ভেলক্রো স্ট্রাপ, ফোমের প্যাডিং (padding), পানি নিরোধক কাভার দিয়ে তৈরী করা হয়।

Centre for Disability in Development
CDD
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# স্ট্যান্ডিং টেবিল



## কাদের জন্য প্রযোজ্য:

যাদের ভারসাম্য কম এবং সহজে পড়ে যাওয়ার প্রবণতা আছে তাদের দণ্ডায়মান অবস্থায় সঠিক অবস্থানে রাখার জন্য সহায়তা প্রদানকারী এক ধরনের বিশেষ উপকরণ। এতে টেবিলযুক্ত থাকে যা ব্যক্তির খাওয়া, খেলাধূলা করতে এবং লিখতে সহায়তা করে।

## মূল্য:

প্রতিবন্ধী শিশুর সঠিক মাপের স্ট্যান্ড ইন্ টেবিল প্রতিটি ৫,৩৫০/- টাকা।

## স্ট্যান্ডিং টেবিল তৈরীতে ব্যবহৃত উপকরণ:

কাঠ এবং মেটাল / ধাতব পাইপ, মোটা কাপড়, ভেলক্রো স্ট্রাপ, ফোমের প্যাডিং (padding), পানি রোধক কাভার দিয়ে তৈরী করা হয়।

CDD Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫



# ওয়াকার



## কাদের জন্য প্রযোজ্য:

চাকাবিহীন ওয়াকার তাদের প্রয়োজন, যাদের শারীরিক ভারসাম্য অনেক কম। যাদের হাঁটার ক্ষমতা ও শারীরিক ভারসাম্য রয়েছে কিন্তু কিছুটা সহযোগিতা প্রয়োজন তাদের দু'চাকা বিশিষ্ট ওয়াকার প্রয়োজন এবং চার চাকা বিশিষ্ট ওয়াকার যাদের প্রয়োজন তাদের শারীরিক ভারসাম্যতা অনেক বেশি।

## মূল্য:

প্রতিবন্ধী ব্যক্তি/শিশুর সঠিক মাপের ওয়াকার চাকা বিহিন প্রতিটি ১,১০০/- দুই চাকাসহ প্রতিটি ১,৬০০/- টাকা।

## ওয়াকারটি তৈরীতে ব্যবহৃত উপকরণ:

হালকা ওজনের ধাতব পাত দিয়ে এটি তৈরী করা যায় এবং এটিতে যদি উচ্চতা বাড়ানো ও কমানোর ব্যবস্থা থাকে, তাহলে সেটি ব্যবহারে সুবিধা হয়। এ ছাড়াও এটি কাঠ বা বাঁশ দিয়ে তৈরী করা সম্ভব। সংযুক্ত রাবার অথবা কাঠের চাকা স্বাভাবিক চলাচলে সহযোগিতা করে।

CDD Centre for Disability in Development
Bringing hope, dignity and meaning to life

যোগাযোগ:
সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)
এ-১৮/৬, গেণ্ডা, সাভার, ঢাকা-১৩৪০, বাংলাদেশ। ফোন: ০১৭১৩০২১৬৯৫